গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা
https://nbr.gov.bd

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৬.১৭৩

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা সংক্রান্ত প্রজ্ঞাপন জাতীয় রাজস্ব বোর্ডের Website-এ সংযোজন প্রসঙ্গে।**

সূত্র: ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের ১১/১১/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মেসার্স ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড, হাউস নং-২৩, রোড নং-১০৮, গুলশান, ঢাকা [বন্ড লাইসেন্স নম্বর: ১২৫/কাস/এস বি ডব্লিউ/৮৪, তারিখ: ০২/০৮/১৯৮৪ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য জারিকৃত বার্ষিক আমদানি প্রাপ্যতা সংক্রান্ত প্রজ্ঞাপন নং-৫০/২০২৬/কাস্টমস/৫১৬, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি. জাতীয় রাজস্ব বোর্ডের Website-এ সংযোজনের অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের Website-এ সংযোজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ---------- পাতা।

১৭-১১-২০২৬
কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব

সিস্টেম ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৬.১৭৩/১ (৩)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২। ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড, হাউজ নং- ২৩, রোড নং- ১০৮, গুলশান, ঢাকা।

৩। অফিস কপি/গার্ড কপি।

১৭-১১-২০২৬
কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫০/২০২৬/কাস্টমস/৫১৬**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-১২৫/কাস/এসবিডব্লিউ/৮৪, তারিখ: ০২-০৮-১৯৮৪ খ্রি.]-এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতার অতিরিক্ত আমদানি বাবদ ১,০৪,২৬৫.১৩ মার্কিন ডলার এবং ২০২৬-২০২৭ অর্থবছরের খালাস ও ইন্টু-বন্ডকৃত পণ্যচালানের কাস্টমস কর্তৃক শুল্কায়নকৃত মূল্য বাবদ ৩,২১,১৬৫.৯৫ মার্কিন ডলার বিয়োজন-পূর্বক ২০২৬-২০২৭ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	২০২৬-২০২৭ অর্থছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতা
১.	ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড	১২,০০,০০০.০০ (বারো লক্ষ) মার্কিন ডলার

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-৭ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩/১০ সেপ্টেম্বর ২০২৬

নং **৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৩.২৬-১৬৪**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থাবছরে 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক অর্থায়নের সুপারিশ প্রণয়নের জন্য 'ফিজিক্যাল সায়েন্স কমিটি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

আহ্বায়ক

১ অধ্যাপক ড. মো. আবদুস সালাম, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৫৫২-৩৭৯৩৭৬)।

সদস্যবৃন্দ

২ অধ্যাপক ড. এ কে এম আখতার হোসেন, ফেলো, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী (০১৯৩০-০৮০৫৭৫)।

৩ অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম, পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা (০১৮১৭-৫১৫০৬১)।

৪ জনাব সুরভী ইসলাম, চিফ সাইন্টিফিক অফিসার, বিসিএসআইআর, ঢাকা (০১৭১৫-৮৪০৫০৩)।

সদস্য-সচিব

৫ জনাব ফেরদৌস আহাম্মদ, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (০১৭১৬-২৬৯৫৯৭)।

২। কমিটির কার্যপরিধি/শর্তাবলি নিম্নরূপ:

(ক) কমিটি প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পে অনুদান সংক্রান্ত সংশোধিত সাধারণ নীতিমালা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও যাচাই-বাছাই করে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) সদস্য-সচিব কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(গ) সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঘ) অতিরিক্ত সচিব (বিপ্র) অনুবিভাগ কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। সকল কমিটির কার্যক্রম উপদেষ্টা মহোদয় পর্যালোচনা ও পরিবীক্ষণ করবেন এবং কমিটি উপদেষ্টা মহোদয়ের সঙ্গে আলোচনাপূর্বক সভা আহ্বান ও যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করবেন।

(ঙ) কমিটির উপদেষ্টা, আহ্বায়ক, সদস্যগণ ও সদস্য সচিব বিধি মোতাবেক সম্মানি ভাতা ও আপ্যায়ন ব্যয় প্রাপ্য হবেন। তবে TA/DA সংশ্লিষ্ট নিজ নিজ প্রতিষ্ঠান থেকে গ্রহণ করবেন।

(চ) কমিটির উপদেষ্টা/আহ্বায়ক/সদস্যবৃন্দ, প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন/মনিটরিং এর জন্য গঠিত মনিটরিং, টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

নং **৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৩.২৬-১৬৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থবছরে 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক অর্থায়নের সুপারিশ প্রণয়নের জন্য 'এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কমিটি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

আহ্বায়ক

১ অধ্যাপক ড. এ এফ এম মোস্তাফিজুর রহমান, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৯১৪-৮৬১০৯৮)।

সদস্যবৃন্দ

২ অধ্যাপক ড. ফারসীম মান্নান মোহাম্মদী, ইলেকট্রি-ক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৭১৫-০৪৪৪৭৪)।

৩ অধ্যাপক ড. মো. সাইদুর রহমান, ফেলো, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী, ঢাকা-(০১৮১৯-৪৮২১৩৬)।

৪ অধ্যাপক ড. মো. আতিকুর রহমান পাটোয়ারী, পদার্থবিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী (০১৭১৮-২৭৯৬৫৩)।

সদস্য-সচিব

৫ জনাব এ. এস. এম. মোসা, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (০১৭১৭-৯৯৫০৭৯)।